দৈনিক সংবাদ

তারিখ 10 SEP 1988
পৃষ্ঠা 1 কলাম 4

064

# তালাবরে রাষ্ট্রপতিকে বহনকারী হেলিকপ্টারের জরুরী অবতরণ

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদকে বহনকারী হেলিকপ্টারটি গতকাল ময়মনসিংহে বন্যা-পরিস্থিতি ও ত্রাণ তৎপরতা পরি-

(৭-এর পাতায় দেখুন)

## জরুরী অবতরণ

(১ম পাতার পর)

দর্শন শেষে ফিরে আসার পথে দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার তালাবর গ্রামে জরুরী অবতরণ করতে বাধ্য হয়। খবর বাসসের।

সেখানে রাষ্ট্রপতি বন্যা-দুর্গত জনগণের পাশে প্রায় ঘন্টাকাল অবস্থান করেন। এ সময় প্রবল বর্ষণ উপেক্ষা করে শত শত গ্রামবাসী সেখানে সমবেত হয়।

স্বতঃস্ফূর্ত গ্রামবাসীদের সমাবেশে রাষ্ট্রপতি ঘোষণা করেন তালাবর প্রাইমারী স্কুলটি সরকারীকরণ করা হবে। এবং তালাবর-নয়নপুর সড়কে একটি ব্রীজ নির্মাণ করা হবে।